



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsme@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

তারিখঃ ০৯/০২/২০২১

নং-বিকেবি-প্রকা/ক্রেডিটবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২০-২০২১/১৯৫২(১২৫০)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতের ক্রেডিট গ্যারান্টি স্কিমের নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট (ক্রেডিট গ্যারান্টি স্কিম ইউনিট) এর এসএমইএসপিডি সার্কুলার নং-২ ও সার্কুলার নং-৩, তারিখ যথাক্রমে ৩১/০১/২০২১ ও ০১/০২/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। ০৩/১১/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-৪ {অত্র বিভাগের সার্কুলার লেটার নং-১১৯০(১২৫০), তারিখঃ ১২/১১/২০২০ মূলে জারীকৃত} এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুসরণের নিমিত্তে “Manual of Credit Guarantee Scheme” জারি করা হয়। ক্রেডিট গ্যারান্টি রেজিস্ট্রেশন আবেদন সহজীকরণের লক্ষ্যে এ পর্যায়ে “Manual of Credit Guarantee Scheme” এর ২.১.২. অনুচ্ছেদের প্রথম প্যারা এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ৩১/০১/২০২১ এর মাধ্যমে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছেঃ

2.1.2. অনুচ্ছেদের বিদ্যমান প্রথম প্যারা	2.1.2. অনুচ্ছেদের প্রতিস্থাপিত প্রথম প্যারা
<p><b>2.1.2. Guarantee Portfolio Cap:</b></p> <p>The CGS Unit will bear loss up to 30% of the portfolio guarantee limit of any PFI in the event of default, which will be termed as ‘Guarantee Portfolio Cap’. The maximum claim amount of a PFI will be accepted by the CGS Unit within the guarantee portfolio cap of the concerned PFI. The Guarantee Portfolio Cap will be considered for the year of guarantee registration, not for the year of claim of that guarantee.</p>	<p><b>2.1.2. Guarantee Portfolio Cap:</b></p> <p>The CGS Unit will bear loss up to 30% of the portfolio guarantee limit of any PFI in the event of default, which will be termed as ‘Guarantee Portfolio Cap’. The maximum claim amount of a PFI will be accepted by the CGS Unit within the guarantee portfolio cap of the concerned PFI. The Guarantee Portfolio Cap will be considered for the year of Portfolio Guarantee Limit of a PFI</p>

০৩। ২৭/০৭/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-৩ {অত্র বিভাগের পত্র সূত্র নং-২৯৩(১২০০), তারিখঃ ১০/০৮/২০২০ মূলে জারীকৃত} এর বিভিন্ন অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ক্রেডিট গ্যারান্টি সুবিধা কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে শুধুমাত্র চলতি মূলধন (Working Capital) এর জন্য উন্মুক্ত ছিল। সমগ্র সিএসএমই খাতে (COVID-19) এর বিরূপ প্রভাব পড়েছে। এতদ্ব্যতীত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ অনেক সময় চলতি মূলধন ঋণ গ্রহণ না করে শুধুমাত্র স্বল্প মেয়াদী ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করে থাকেন। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় আলোচ্য ক্রেডিট গ্যারান্টি স্কিম এর সুবিধা চলতি মূলধন (Working Capital) এর পাশাপাশী মেয়াদী ঋণ/বিনিয়োগের (Term Loan/Investment) জন্যও প্রযোজ্য হবে যা এসএমইএসপিডি সার্কুলার নং-৩ তারিখঃ ৩১/০১/২০২১ এর মাধ্যমে জারী করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-২ ও সার্কুলার নং-৩, তারিখ যথাক্রমে ৩১/০১/২০২১ ও ০১/০২/২০২১ এর সংশোধনীসমূহ যথাযথভাবে অনুসরণ করে জারীকৃত “Manual of Credit Guarantee Scheme” এবং সময় সময় জারীকৃত এ সংক্রান্ত নীতিমালা যথাযথ ভাবে অনুসরণ পূর্বক গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য চাহিত তথ্যাদি ও প্রতিবেদন মাসিক ভিত্তিতে প্রয়োজনীয় সংযুক্তিসহ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত  
  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২০-২০২১/৯৯৫২(২২৫৯) তারিখঃ ০৯/০২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

*Mosoni*  
০৯/০২/২০২১

( মুহাম্মদ মোশাররফ হোসন )  
সহকারী মহাব্যবস্থাপক